

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মন্তব্য (الملاحظة)

উপরে বর্ণিত যুদ্ধ ও অভিযান সমূহের হিসাব অনুযায়ী দেখা যাচ্ছে যে, মাদানী জীবনের ১০ বছরের মধ্যে ৭৮১ দিনের অধিক অর্থাৎ দু'বছরের বেশী সময় রাসূল (ছাঃ) যুদ্ধের ময়দানে অতিবাহিত করেছেন। এই অবস্থার মধ্যেই ইসলামের বহু বিধি-বিধান জারী হয়েছে। হিজরতের পর রবীউল আউয়াল থেকে শা'বান পর্যন্ত মাস ছ'য়েক কিছুটা স্বস্তিতে থাকার পর রামাযান থেকে যুদ্ধাভিযান সমূহ শুরু হয়। যা মৃত্যুর দু'দিন আগ পর্যন্ত অব্যাহত থাকে। এতে বুঝা যায় যে, ইসলামের প্রচার ও প্রতিষ্ঠার পথ সর্বদা বাধা সংকুল ছিল এবং কখনোই কুসুমান্তীর্ণ ছিল না। সত্য ও মিথ্যার এ দ্বন্দ্বে সর্বদা আল্লাহর গায়েবী মদদে সত্য জয়লাভ করেছে। বস্তুগত শক্তি অপর্যাপ্ত হওয়া সত্ত্বেও সর্বদা ঈমানী শক্তির জোরেই মুসলমান আল্লাহর সাহায্য লাভ করেছে। আর আল্লাহর বিধান অমান্য করে কখনোই তাঁর সাহায্য লাভ করা যায় না। চরমপন্থী ও শৈথিল্যবাদী সকলের জন্য এর মধ্যে শিক্ষণীয় বিষয় রয়েছে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5657

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন